

## গল্প নয় সত্যি

ছবি



ডাউনলোড

মো: শরিফুল ইসলাম। পিতা: মোঃ শফিকুল ইসলাম। তিনি ২০১০ সালে প্রথম মৎস্যচাষ শুরু করেন। তিনি উপজেলা মৎস্য দপ্তর দেলদুয়ার থেকে পরামর্শ গ্রহন এবং মাছচাষ বিষয়ে প্রশিক্ষণ গ্রহনের মাধ্যমে অর্জিত জ্ঞান বাস্তবে প্রয়োগ করেন। বর্তমানে তাহার পুকুরের সংখ্যা ০৫ টি, যেগুলোর সর্বমোট আয়তন ১০ বিঘা। তিনি কার্প মিশ্রচাষ, শিং- মাগুর মাছ চাষ এবং পাঞ্জাস মাছ চাষ করেন। বছরে তাহার মাছের উৎপাদন ২,৫০০ মণ থেকে ৩,০০০ মণ। বর্তমান সময়ে তিনি একজন সফল মৎস্যচাষি উদ্যোক্তা হিসেবে সুপরিচিত। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষে তিনি উপজেলা মৎস্য দপ্তর, দেলদুয়ার থেকে শ্রেষ্ঠ মৎস্যচাষি পুরস্কার লাভ করেন।